# বাংলাদেশ সরকারী কর্ম কমিশন

পুরাতন বিমান বন্দর ভবন, তেজগাঁও, ঢাকা-১২১৫।

## অনলাইনে ৩৩তম বিসিএস এর আবেদনপত্র BPSC FORM-1 পূরণ ও SMS-এর মাধ্যমে পরীক্ষার 'ফি' জমাদানের সংক্ষিপ্ত সাধারণ নির্দেশিকা

১. BPSC কর্তৃক ৩৩তম বিসিএস এর জন্য অনুমোদিত Online Application এর Home Page হতে প্রযোজ্য ফরম টির রেডিও বাটন Click করে Apply করুন।

২. BPSC FORM-1 এর PART-1 (Personal Information) অংশ পূরণ করুন। এ অংশে অপশনাল ফিল্ড ব্যতীত সকল ফিল্ড বাধ্যতামূলকভাবে পূরণ করতে হবে। যোগাযোগের মোবাইল নম্বর হুবহু রি-টাইপ করুন। ভুল এড়াতে ফরম এর নিচের চেক বক্সের শর্ত মেনে টিক দিয়ে Next বাটন Click করুন।

৩. PART-2 (Educational Qualification) অংশের প্রতিটি ফিল্ড পূরণ করুন। ৪ বছর মেয়াদী স্নাতক ডিগ্রী/স্নাতক সম্মান ডিগ্রিধারী প্রার্থীদের জন্য মাষ্টার্স ডিগ্রী বাধ্যতামূলক নয়। পাস কোর্স এবং ৩ বছর মেয়াদী স্নাতক ডিগ্রিধারী প্রার্থীদের জন্য মাষ্টার্স ডিগি বাধ্যতামূলক। Technical Cadre এর জন্য অপশন দিতে হলে পাস কোর্স ডিগ্রীধারী প্রার্থীদের জন্য প্রথম শ্রেণী মাস্টার্স ডিগ্রী এবং ৩ বছর মেয়াদী স্নাতক সম্মান ডিগ্রীধারী প্রার্থীদের জন্য অন্যূন দ্বিতীয় শ্রেণীর মাস্টার্স ডিগ্রী থাকা বাধ্যতামূলক।

৪. Professional Cadre শিক্ষক প্রশিক্ষণ কলেজের প্রভাষক পদের (৬২০) জন্য অপশন প্রদানকারী প্রার্থীগণের অবশ্যই বিজ্ঞাপনে শিক্ষক প্রশিক্ষণ কলেজের সংশ্লিষ্ট পদের জন্য নির্ধারিত বিষয়ে ৪(চার) বছরের ডিগ্রী অথবা ৩(তিন) বছরের সম্মান ও ১(এক) বছরের মাস্টার্স ডিগ্রীসহ শিক্ষা বিষয়ে ডিপ্লোমা/ বি এড/ এমএড থাকতে হবে অথবা শিক্ষা বিষয়ে স্নাতক সম্মান ডিগ্রী (১১৯) থাকতে হবে।

৫. Next Click করে পরবর্তী Step অনুসরণ করুন। Personal Information অংশের কোন ফিল্ড Edit করতে চাইলে PREVIOUS বাটন Click করুন।

৬. PART-3 (Cadre Option) ঃ বিজ্ঞাপনে General Cadre এর জন্য নির্ধারিত শিক্ষাগত যোগ্যতাধারী যে কোন প্রার্থী ৩৩তম বিসিএস এর বিজ্ঞাপনে উল্লিখিত ১৫টি General Cadre জন্য অপশন দিতে পারবেন। Technical/ Professional Cadre অপশন পেতে ইচ্ছুক প্রার্থীদের Technical/Professional Cadre এর জন্য বিজ্ঞাপনে উল্লিখিত শিক্ষাগত যোগ্যতার ডিগ্রীর সাথে তাদের অর্জিত ডিগ্রী Match করলে শুধু সে সকল Technical/ Professional Cadre অপশন পাবেন। Both Cadre এর প্রার্থীগণ বিজ্ঞাপিত শিক্ষাগত যোগ্যতার শর্তপূরণ সাপেক্ষে General ও Technical উভয় Cadre অপশন পাবেন।

৭. Cadre ছক হতে ক্রমানুযায়ী বিজ্ঞাপনে পদ থাকা সাপেক্ষে Both Cadre এর প্রার্থীগণ সর্বোচ্চ ২০টি Cadre নির্বাচন করতে পারবেন।

- Cadre ছক হতে এক বা একাধিক Cadre অপশন সিলেক্ট করে Add Option Click করুন।
- পছন্দকৃত Cadre অপশন গুলো নিচে চয়েস অপশনে দৃশ্যমান হবে। একইভাবে প্রদর্শিত Cadre choice সিলেক্ট করে রিমুভ করা যাবে।
- পছন্দক্রম পুনর্বিন্যাসের জন্য পছন্দকৃত যে কোন Cadre সিলেক্ট করে ডানদিকের তীর চিহ্নিত (Arrow) Button ব্যবহার করে ইচ্ছেমত উপরে বা নীচে পুনরায় সাজাতে পারবেন।
- Both Cadre এর প্রার্থীগণকে অবশ্যই উভয় অপশন থেকে Cadre নির্বাচন করতে হবে।

৮. শিক্ষাগত যোগ্যতার কোন ফিল্ড এডিট করতে চাইলে PREVIOUS বাটন Click করুন।

৯. Next Click করে Application Preview দেখুন।

১০. পূরণকৃত সকল তথ্য Preview Page এ প্রদর্শিত হবে। Preview Page হতেও BPSC Form-1 এর PART-1, PART-2, PART-3 Edit করার অপশন রয়েছে। শিক্ষাগত যোগ্যতা এডিট কালে Educational Qualification পরিবর্তন করলে Application স্বয়ংক্রিয়ভাবে সনাক্ত করবে এবং পুনরায় Cadre অপশনে ফেরৎ পাঠাবে।

১১. Validation Code হুবহু টাইপ করতে হবে।

১২. Photo & Signature Upload ঃ

- Photo ( দৈর্ঘ্য x প্রস্থ) 300 x 300 pixel এর কম বা বেশী এবং ফাইল সাইজ 100 KB এর বেশী গ্রহণযোগ্য নয়। ছবি অবশ্যই রংগীন হতে হবে, সাদাকালো ছবি গ্রহণযোগ্য নহে।
- Signature ( দৈর্ঘ্য x প্রস্থ) 300 x 80 pixel এর কম বা বেশী এবং ফাইল সাইজ 60 KB এর বেশী গ্রহণযোগ্য নয়।

১৩. BPSC কর্তৃক নির্দেশিত শর্তমেনে চেক বক্সে Click করে Application টি চূড়ান্তভাবে Submit করুন।

- Application নির্ভুলভাবে Submission হলে প্রার্থী একটি User ID সহ ছবি ও স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রিন্ট অথবা ডাউনলোড করে PDF আকারে সংরক্ষণ করতে পারবেন।

১৪. Applicant's Copy হারিয়ে বা নষ্ট হয়ে গেলে অথবা নতুন করে ডাউনলোড করতে চাইলে ''Applicant's Copy'' নামে লিংক হতে পুন:রুদ্ধার করতে পারবেন।

১৫. Admit Card লিংক হতে Admit Card ডাউনলোড করতে পারবেন।

১৬. Photo & Signature Validation নামে লিংক হতে ছবি ও স্বাক্ষর নিরীক্ষণ করতে পারবেন।

১৭. Payment Status লিংক হতে Application fee প্রদান করা হয়েছে কি না জানতে পারবেন।

১৮. বিজ্ঞাপনে উল্লিখিত ক্যাডারসমূহের পাশে উল্লিখিত শিক্ষাগত যোগ্যতা না থাকলে কোন প্রার্থী আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবে না। কোন প্রার্থী পরীক্ষার ফি জমা দিয়ে Admit card পাওয়ার পর একাধিকবার Online application form জমা দিতে পারবে না। প্রার্থী মিথ্যা তথ্য এবং ভিন্ন/ভুল তথ্য দিয়ে একাধিকবার ফর্ম পূরণ করে একাধিক admit card গ্রহণ করলে প্রক্রিয়ায়নের যে কোন স্তরে জালিয়াতি প্রমাণিত হলে এরূপ প্রার্থীর সামগ্রিক প্রার্থিতা বাতিল হবে এবং ভবিষ্যতে কমিশন কর্তৃক গৃহীতব্য সকল পদে আবেদনের জন্য অযোগ্য ঘোষিত হবে এবং উক্ত প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৯. প্রার্থী কর্তৃক online-এ আবেদনপত্র submit করার পর নিম্নোক্ত কেন্দ্রভিত্তিক রেজিষ্ট্রেশন নম্বরের রেঞ্জ অনুযায়ী প্রার্থীকে তার কেন্দ্রের জন্য নির্ধারিত রেজিঃ নম্বর কম্পিউটারের মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে প্রদান করা হবে এবং প্রবেশপত্রের নির্ধারিত স্থানে পরীক্ষা কেন্দ্র এবং রেজিস্ট্রেশন নম্বর মুদ্রিত থাকবে।

| কেন্দ্র | রেজিঃ নম্বরের রেঞ্জ |
|---|---|
| ঢাকা | ০০০০০১ - ২০০০০০ |
| রাজশাহী | ২০০০০১ - ৩০০০০০ |
| চট্টগ্রাম | ৩০০০০১ - ৪০০০০০ |
| খুলনা | ৪০০০০১ - ৫০০০০০ |
| বরিশাল | ৫০০০০১ - ৬০০০০০ |
| সিলেট | ৬০০০০১ - ৭০০০০০ |

২০. **বিশেষভাবে উল্লেখ্য যে, আবেদন পত্রের(BPSC Form-1 )এ সকল অংশ পূরন করে submission করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত আবেদন পত্র চুড়ান্ত হিসাবে গণ্য করা হবে না।**

## এসএমএস এর মাধ্যমে ফি জমাদান পদ্ধতি ঃ

শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল হতে SMS পদ্ধতি অনুসরণ করে আবেদন ফি প্রদান করা যাবে। অনলাইন হতে প্রাপ্ত User ID দিয়ে SMS করার পর প্রার্থীর তথ্য যাচাই সাপেক্ষে সঠিক পাওয়া গেলে Reply হিসেবে ফি প্রদান সংক্রান্ত তথ্য জানানো হবে।

**প্রথম SMS ঃ**

BPSC<Space> User ID লিখে Send করুন 16222 নম্বরে

Example: BPSC BCSPQBCR

**Reply:** Applicant's Name, Tk 500 will be charged as application fee. Your PIN is ( 8 digit number) 12345678. To pay fee, type: BPSC<Space> Yes <Space> PIN and send to 16222

**দ্বিতীয় SMS ঃ**

BPSC<Space> Yes <Space> PIN লিখে Send করুন 16222 নম্বরে

Example: BPSC YES 12345678

**Reply:** Congrats ! Applicant's Name, payment completed successfully for 33rd BCS examination. User ID is (xxxxxxxx) and Password (xxxxxxxx). If password lost, please type BPSC<Space> HELP<Space> SC Board<Space> SSC Roll<Space>SSC Year and Send to 16222.

**SMS Help:**

| SMS FORMAT | EXAMPLE | DESCRIPTION |
|---|---|---|
| BPSC<space>HELP | BPSC HELP | To know 1st SMS format (to apply). |
| BPSC<space>HELP<space>YES | BPSC HELP YES | To know 2nd SMS format (to pay fee). |
| BPSC<space>HELP<space> 1st 3 letter of Ssc board <space> ssc_roll <space> ssc_year | BPSC HELP dha 123456 2000 | To retrieve user id, password. (If applicant knows SSC info). |
| BPSC<space>HELP<space>PIN <space>pin_no | BPSC HELP PIN 12345678 | To retrieve user id, password. (If applicant knows pin) |
| BPSC<space>HELP<space>ADMIT | BPSC HELP ADMIT | To know about admit card. |

User ID এবং Password ব্যবহার করে BPSC Website: www.bpsc.gov.bd অথবা http://bpsc.teletalk.com.bd হতে প্রার্থী তাৎক্ষণিক Admit Card সংগ্রহ করতে পারবেন।

বিঃ দ্রঃ www.bpsc.gov.bd ওয়েব সাইটে অনলাইন আবেদনপত্র পূরণের বিস্তারিত নির্দেশিকা পাওয়া যাবে।

**পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)**

**পড়াশুনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে পরীক্ষায় অংশগ্রহণ করুন ।**